08 SEP 2016
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৬

দৈনিক
ইত্তেফাক

# স্কুল পরিদর্শনে গিয়ে ভূরিভোজের অভিযোগ

■ কমলগঞ্জ (মৌলভীবাজার) সংবাদদাতা

উপজেলার প্রাথমিক শিক্ষার বেহাল দশা পরিদর্শনে যাওয়া শিক্ষা কর্মকর্তাদের বিরুদ্ধে শিক্ষকদের আয়োজনে ভূরিভোজে অংশ নেওয়ার অভিযোগ উঠেছে। শিক্ষক, অভিভাবক ও উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, কমলগঞ্জ উপজেলার সরকারি ১৫১ টি বিদ্যালয়ে শিক্ষকদের অনুপস্থিতি, শিক্ষক স্বল্পতা, নিয়মিত পাঠদান না করা, ফলাফল সন্তোষজনক না হওয়ার বিষয় এবং বিভিন্ন সমস্যা দেখার জন্য জেলা শিক্ষা অফিসারসহ জেলার প্রাথমিক শিক্ষার সাথে সম্পৃক্ত অর্ধশতাধিক কর্মকর্তাকে নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের উদ্যোগ নেয়া হয়। এজন্য কমলগঞ্জ উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষক সমিতি উপজেলার ৯টি ইউনিয়ন ও পৌরসভার ভালো মানের ও রাস্তার পাশের ৭০টি বিদ্যালয়কে তালিকাভূক্ত করে।

তারই অংশ হিসেবে গত সোমবার এসব বিদ্যালয় পরিদর্শন করে। পরিদর্শন শেষে ওই কর্মকর্তারা শিক্ষকদের আয়োজনে শমশেরনগরস্থ সুইসভ্যালীতে ভূরিভোজে অংশগ্রহন করেন। এ ব্যাপারে জেলা সরবকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির প্রাক্তন প্রতিষ্ঠাতা সম্পাদক আব্দুস শহীদ সাগ্নিকসহ সচেতন মহল বলেন, স্কুল পরিদর্শন এসে শিক্ষকদের আয়োজনে ভূরিভোজে অংশ নেয়া অনৈতিক। উপজেলা শিক্ষা কর্মকর্তা গকুল চন্দ্র দেবনাথ বলেন, প্রায় ৫০ জন কর্মকর্তা কমলগঞ্জের প্রায় ৭০টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। শমশেরনগর সুইসভ্যালীতে আলোচনা সভার কথা স্বীকার করলেও তিনি ভূরিভোজের বিষয়টি এড়িয়ে যান। মৌলভীবাজার শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল ইসলাম বলেন, শিক্ষার মান আরো ভালো করতে উপজেলা পর্যায়ে বিদ্যালয় পরিদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে। এর পূর্বে রাজনগর, কুলাউড়া ও বড়লেখায় পরিদর্শন হয়েছে।